কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবলে পৌর একাদশ চ্যাম্পিয়ন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে জেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা ক্রীড়া সংস্থা কোটচাঁদপুরের আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় ৩ -০ গোলে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌর সভা ফুটবল একাদশ।

জানা যায়, ফাইনাল খেলায় অংশ গ্রহণ করে কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ ও বলুহর ইউনিয়ন ফুটবল একাদশের মধ্যে। খেলাটি শুরু হয় বিকাল ৫ টায় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে।

খেলার প্রথমঅর্ধে তুমুল লড়াই হয় দুই দলের মধ্যে। প্রথম অর্ধে গোলের দেখা পাইনি কোনো দল । বিরতির পর আবার দুই দল মাঠে নামেন আবারও মনোবল নিয়ে। লড়াইও করেন গোলের জন্য।

দ্বিতীয় অর্ধেও ৩ গোলের দেখা পায় কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ । আর ওই ৩ গোল দিয়েই শেষ হয় খেলা। সেই সুবাদে ৩-০ গোলে বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ কে হারিয়ে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ।

ফাইনাল খেলায় প্রধান অতিথি ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি তুলে দেন। খেলায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

এ সময় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, পৌর সভার প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক

সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান প্রমুখ।

খেলাটি পরিচালনা করেন রবিউল ইসলাম ও সাইদুল ঝিনাইদহ রবি জীবননগর । দর্শক কানায় কানায় পূর্ণ ছিলো ফুটবল খেলা মাঠ।